

প্রতিবন্ধীদের সেবা: ভীতিকর এক ভবিষ্যত

OPWDD Transformation Panel ফোরামের প্রতিবেদন

সেপ্টেম্বর ২১, ২০১৫

প্রতিবেদক: Jim Karpe, নিউইয়র্ক সিটি ফেয়ার সদস্য www.nycfamilyadvocacyinformationresource.org

আমরা যারা শারিরিক বা মানসিকভাবে অসমর্থ কিশোরদের সাথে কাজ করি তারা প্রতিনিয়ত সেই কিশোরদের উপযোগী বিভিন্ন ব্যক্তি পর্যায়ের সেবার আশার বাণী শুনি। এহিদিবে চোখের সামনেই প্রাপ্ত সুবিধাগুলিকে সংকুচিত হতে দেখছি। বিকল্প চালুর আগেই বিভিন্ন সেবাদান ও সহায়তা কর্মসূচী বন্ধ করে দেয়া হচ্ছে। সঠিক পরিকল্পনার অভাবে কর্মসূচী ক্ষতির শিকার হচ্ছে। হয়তোবা কোনো অশুভ পরিকল্পনাও কাজ করছে। মোদা কথা, এই কিশোরেরা সিস্টেমের অদক্ষতার শিকার। কথা আর বাস্তবতার এই ফারাকের কারণে ক্ষতিগ্রস্ত এই কিশোরদের কাছে তাই আলাদা স্বীকৃতির মূল্য খুবই কম।

গত সেপ্টেম্বরের ১৭ তারিখে লং আইল্যান্ড এবং ম্যানহাটানের Transformation Panel ফোরামের কাছে অনেক ভুক্তভোগী অভিভাবক ও স্বৈচ্ছাসেবক সেবাদানের ক্ষেত্রে বিভিন্ন বাস্তব প্রতিবন্ধকতা তুলে ধরেন। আমাদের বৃত্তের লোকজন ভিন্ন পরিবেশ, সমস্যা ও প্রতিকূলতার সম্মুখীন। তারপরও আমরা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে সেই একই সমস্যার কথা শুনি: সিস্টেম আর কাজ করছেন, ভেঙ্গে পরছে, সমস্যায় জর্জরিত, এবং আমাদের পরিত্যাগ করেছে। এখানে কোনো নজরদারী নেই, আর অসন্তুষ্ট প্রকাশের জায়গাও নেই।

এই ফোরামগুলিতে আমরা OPWDD এর ভারপ্রাপ্ত কমিশনার কেরী ডিল্যানীর বক্তব্যও শুনেছি। তিনি স্বচ্ছতার প্রয়োজনীয়তা স্বীকার করেছেন, কিন্তু আমরা এখনও তথ্য সংকটেই রয়েছি। তিনি বলেছেন “এক ওষুধে সব রোগ সারেনা”, কিনতু বাস্তবে আমরা সেই নীতির শিকার যা সংকটে থাকা কিশোরদের মূল্যায়নের সুযোগ বন্ধ করে দিচ্ছে। আমরা শুনলাম Transformation হচ্ছে “সেবা কেড়ে নেয়া নয়, বরলচ সত্যিকারের প্রয়োজনীয়তার প্রতি সাড়া দেয়া ও টেকসই ব্যবস্থাপনা”। কিন্তু এর মাঝেই আমরা দেখছি প্রচলিত সেবা/সহযোগীতা বন্ধ করে দেয়া হচ্ছে। লোকদের শেল্টারড ওয়ার্কশপ থেকে বাদ দেয়া হচ্ছে, যেখানে তারা স্বাচ্ছন্দবোধ করতো। আশাহত ও ক্ষতিগ্রস্ত এই লোকেরা মলগুলিতে উদ্দেশ্যবিহীন ঘুরে বেড়াচ্ছে। অন্যেরা ২০-৩০ বছর ধরে বসবাস করা ‘হোম’ হারাচ্ছে, কেননা এই হোমগুলিকে ‘ক্ষতিকর’ ইনস্টিটিউশন হিসেবে আখ্যায়িত করা হয়েছে। আর যেই লোকগুলি স্বাবলম্বী হবার পথে অনেকদূর এগিয়েছিল তারা এখন দেখছে OPWDD এর স্ব-ব্যবস্থাপনার কর্মসূচীগুলি কঠিন বাধা আর বিস্তার কাণ্ডে প্রক্রিয়াময় হবির। স্ব-ব্যবস্থাপনার বাণীটি ছিল “নিজ বাজেটকে নিজেই নিয়ন্ত্রণ করুন”। অথচ বাস্তব হচ্ছে টাকা খরচ করা যাবে শুধু সংকুচিত ও সম্পর্কহীন খাতগুলিতেই। এটা অনেকটা ফোর্ড এর Model-T অফার এর মত: “আপনি পছন্দের যে কোনো রঙ পাবেন, যতক্ষণ পর্যন্ত তা কালো হয়।

প্রতিবন্ধী লোকজন তাদের জন্য কার্যকর পথগুলি থেকে ছিটকে পরছে। শেল্টারড ওয়ার্কশপই তাদের জন্য একমাত্র সমাধান হতে পারেনা। আবার যাদের কাছে শেল্টারড ওয়ার্কশপ একটি কার্যকর অবলম্বন, তা থেকে তাদের বাদ দেয়া উচিত নয়। আমাদের মৌলিক চাহিদাগুলি বাকি সবার মতই – বাসস্থান, যাতায়াত, শিক্ষা, চাকুরী, এবং বন্ধু। এটাই পরিপূর্ণ জীবনের চাহিদা।

নিউইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের গল্প, ভয়, ও দুশ্চিন্তাগুলি একই ধরণের। আমি নিশ্চিত, নিউইয়র্কের আপস্টেটের চিত্রও একই। আমাদের সকলের বক্তব্য খুবই স্পষ্ট ভাষায় OPWDD কে জানিয়েছে স্বৈচ্ছাসেবক রনি – “তোমরা দায়িত্ব পালন করছোনা”।

এই পরিস্থিতির জন্য ওলমস্টেড দায়ী নন। সুপ্রিম কোর্টের এই ঐতিহাসিক রায়টির মূলমন্ত্র হচ্ছে সমাজের মূলধারায় থাকবার প্রয়োজনীয় সহায়তা ব্যক্তি নিজেই ঠিক করবে। এখানে মূল সমস্যা হচ্ছে সাহসের অভাব। বছরের পর বছর নিউইয়র্ক স্টেট তার বাজেট ঘাটতি মেটাতে মেডিকেইড ফান্ডকে ব্যবহার করেছে। (দেখুন: www.nytimes.com/2012/10/24/nyregion/new-yorks-medicaid-program-is-at-the-mercy-of-washington.html)।

তার সমাপ্তি ঘটেছে, এর পরবর্তী অধ্যায়ঃ

- ফেডারেল বুরোক্র্যাটরা নিউইয়র্ক স্টেটকে তার পূর্ববর্তী অর্থ বছরের প্রায়শ্চিত্ত করাচ্ছে, কেননা ফেডারেল সেন্টারস ফর মেডিকেশ্যার ও মেডিকেইড সার্ভিসেস (সিএমএস) এর নতুন ধারাতে পছন্দের সুযোগ সীমিত।
- স্টেট কর্তারা OPW কে পরিত্যাগ করেছেন, এখন আর এটা তাদের জন্য লাভজনক প্রতিষ্ঠান নয়।
- সেবাপ্রত্যাশীদের হয়ে লড়াই করার কোনো রাজনৈতিক পৃষ্ঠপোষকতা না থাকায় OPWDD কার্যত সিএমএস এর আঙ্গাবহ একটি অফিস এ পরিণত হয়েছে।

মোদা কথা, অসামর্থ ব্যক্তিদের হয়ে কাজ করতে হবে। সিএমএস এর প্রতিটি আদেশ এর পিছনে দৌড়াতে হবে। দুঃজনক হলেও সত্য, তাদের পিছলে পড়া মানে আমাদের সন্তানদের আঘাত পাওয়া। OPWDD কে অবশ্যই সিএমএস এর সেই ধারাগুলি পালন থেকে বিরত থাকতে হবে যা এই কিশোরদের জন্য বিপদজনক। আর এই ধারাগুলিকে অতিক্রমের প্রবণতাও বন্ধ করতে হবে। সিএমএস এর এই বিধিনিষেধের বাইরে গিয়েও নিউইয়র্ক স্টেট বেশ কিছু নিয়ম কানুন আরোপ করেছে।

অভিভাবক ও স্বেচ্ছাসেবক হিসেবে আমাদেরও দায়িত্ব আছে। আমাদের স্টেট কর্তাদের এই কিশোরদের সহায়তা দিতে হবে। OPWDD কে সাহায্য বা প্রয়োজনে তাদের উপর চাপ প্রয়োগ করতে হবে। সিএমএস এর বিভিন্ন বিধিনিষেধের ক্ষেত্রে সর্বোত্তম উত্তর হচ্ছে “সম্ভবপর নয়”; “স্বী হজুর” বলা বাদ দিতে হবে। আইনপ্রণেতা, গভর্নর, এবং খোদ OPWDD কে সফ জানিয়ে দিন যে আমাদের কার্যক্রমের প্রাণকেন্দ্রে এই মানুষগুলিকেই রাখতে হবে। সিএমএস এর আঙ্গা পালনকে না বলুন, এবং জনসেবাকে হ্যাঁ বলুন।